গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
alikadam.bandarban.gov.bd

## আলীকদম উপজেলার শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জাবের মোঃ সোয়াইব**<br>উপজেলা নির্বাহী অফিসার<br>আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার স্থান | : | উপজেলা সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ০৯.১০.২০২৩ |
| সময় | : | সকাল ১০.০০ টা |

সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" তে দেখানো হল :

উপস্থিত সকলকে শারদীয় দুর্গোৎসরের শুভেচ্ছ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শারদীয় দুর্গাপুজা ২০২৩ উদযাপন উপলক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সভার কার্যবিবরণী এবং গত বছরের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। চলতি বছরে আলীকদম উপজেলায় ০৫(পাঁচ)টি পূজামন্ডপে পূজা অনুষ্ঠিত হবে। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত কর্মসূচী/সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচনা

০১। জনাব বিপ্লব শর্মা, সাধারণ সম্পাদক, শারদীয় দুর্গাপূজা উদযাপন পরিষদ, আলীকদম সভায় জানান যে, পূজা উদযাপন কমিটি কর্তৃক স্বেচ্ছাসেবক কমিটি গঠন করা হয়েছে। ০৫(পাঁচ)টি পূজামন্ডপের মধ্যে ০২(দুই)টি মন্ডপে সিসি ক্যামেরার ব্যবস্থা আছে। অবশিষ্ট ০৩(তিন)টি মন্ডপে ব্যবস্থা করতে হবে। এছাড়া সন্ধ্যা এবং রাত্রিতে পূজামন্ডপে মহিলা ভক্তদের সমাগম ঘটে বিধায় প্রতিটি পূজামন্ডপে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের দাবী জানান।

০২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(ভাঃ), আলীকদম সভায় জানান যে, প্রতিবছরের ন্যায় এ বছরও আলীকদম উপজেলার পূজামন্ডপগুলোতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ০৪(চার)জন করে আনসার(নারী ও পুরুষ) সদস্য মোতায়েন করা হবে। পূজামন্ডপের সার্বক্ষণিক সার্বিক নিরাপত্তা নিশ্চিত ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে মর্মে তিনি জানান।

০৩। অফিসার ইন চার্জ, আলীকদম থানা সভায় জানান, আলীকদম উপজেলায় স্থাপিত পূজামন্ডপসমূহে শান্তিপূর্ণভাবে পূজার উৎসব পালনে বাংলাদেশ পুলিশ যথাযথ ভূমিকা পালন করবে। পূজামন্ডপে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনসহ সার্বক্ষণিক টহল টিম দায়িত্ব পালন করবেন। এছাড়াও প্রত্যেক পূজামন্ডপের নাম, সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, মোবাইল নম্বর এবং স্বেচ্ছাসেবক টিমের নামের তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদি আলীকদম থানায় সরবরাহের জন্য পূজা উদযাপন কমিটির দৃষ্টি আকর্ষণ করেন।

০৪। সভাপতি জানান যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের থেকে ১২টি বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট পূজামন্ডপ কমিটিকে অনুসরণ করে দুর্গোৎসব আয়োজনের আহ্বান জানানো হয়। আলীকদম উপজেলায় নির্বেঘ্নে দুর্গাপূজা উদযাপনের নিমিত্ত আইন-শৃঙ্খলার পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর স্থানীয় প্রধানকে অনুরোধ করেন। কোন কুচক্রীমহল যাতে পূজামন্ডপে ঢুকে অপ্রীতিকর ঘটনা ঘটাতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী এবং স্বেচ্ছাসেবকদের সর্বোচ্চ সতর্কতামূলক অবস্থায় রাখার পরামর্শ দেন।

আলীকদম উপজেলার পূজামন্ডপ/পূজা উৎসব পরিষদের তালিকাসমূহ নিম্নরূপ-

| ক্রমিক | পূজামন্ডপ/পূজা উৎসব পরিষদের নাম | স্থান |
|---|---|---|
| ১. | শ্রী শ্রী সর্বজনীন কেন্দ্রীয় হরিমন্দির | কেন্দ্রীয় হরিমন্দির, আলীকদম ইউনিয়ন |
| ২. | শ্রী শ্রী সর্বজনীন দুর্গোৎসব উদযাপন পরিষদ | হরিমন্দির, ভরিরমুখ কর্মকার পাড়া, চৈক্ষ্যং ইউনিয়ন |
| ৩. | শ্রী শ্রী সর্বজনীন দুর্গোৎসব উদযাপন পরিষদ | হরিমন্দির, চারাবটতলী, চৈক্ষ্যং ইউনিয়ন |
| ৪. | শ্রী শ্রী লোকনাথ মন্দির | শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী মন্দির, নয়াপাড়া ইউনিয়ন |
| ৫. | শ্রী শ্রী হরিমন্দির | বনিকপাড়া সর্বজনীন হরিমন্দির, নয়াপাড়া ইউনিয়ন |

CamScanner

সিদ্ধান্তসমূহ-

১. যেসব পূজামন্ডপে সিসি ক্যামরা নেই স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ পূজামন্ডপসমূহে সিসি ক্যামরা স্থাপনের ব্যবস্থা করবেন। পূজা উদযাপন কমিটি ভিডিও ফুটেজ রেকর্ড ও সংরক্ষণের ব্যবস্থা করবেন। সিসি ক্যামরার সাথে উপজেলা নির্বাহী অফিস এবং থানাকে সংযুক্ত করতে হবে। তাছাড়া, মন্ডপের প্রবেশমুখে হ্যান্ড মেটাল ডিটেক্টর ও আর্চওয়ে স্থাপনের ব্যবস্থা রাখতে হবে;

২. দুর্গোৎসব চলাকালীন সার্বিক আইন-শৃঙ্খলা তত্ত্বাবধানের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, আলীকদম এবং সহকারী কমিশনার(ভূমি), আলীকদম এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন। এছাড়াও পূজামন্ডপের সার্বিক পরিস্থিতি তদারকী করার লক্ষ্যে প্রতিটি পূজামন্ডপের জন্য নিম্নলিখিত কর্মকর্তাদেরকে ট্যাক অফিসার নিয়োগ করা হয়।—

| ক্রম | পদবী | পূজামন্ডপ |
|---|---|---|
| ১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলীকদম | কেন্দ্রীয় হরিমন্দির, আলীকদম ইউনিয়ন |
| ২. | উপজেলা কৃষি অফিসার, আলীকদম | হরিমন্দির, ভরিরমুখ কর্মকার পাড়া, চৈক্ষ্যং ইউনিয়ন |
| ৩. | উপজেলা মৎস্য অফিসার, আলীকদম | হরিমন্দির, চারাবটতলী, চৈক্ষ্যং ইউনিয়ন |
| ৪. | সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,আলীকদম | শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী মন্দির, নয়াপাড়া ইউনিয়ন |
| ৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আলীকদম | বণিকপাড়া সর্বজনীন হরিমন্দির, নয়াপাড়া ইউনিয়ন |

৩. প্রত্যেক পূজামন্ডপের নাম, সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, মোবাইল নম্বার এবং স্বেচ্ছাসেবক টিমের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিস, বাংলাদেশ সেনাবাহিনী, বিজিবি, বাংলাদেশ পুলিশ ও গোয়েন্দা সংস্থার কাছে পূজা উদযাপন কমিটি সরবারের ব্যবস্থা গ্রহণ করবেন;

৪. পূজামন্ডপের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য বড় পূজামন্ডপে ০৪ জন করে আনসার মোতায়েন করতে হবে। পূজামন্ডপের নিকটবর্তী স্থানে আনসার সদস্য/নিরাপত্তাকর্মীদের আবাসনের ব্যবস্থা করতে হবে;

৫. পূজামন্ডপের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিয়োজিত পুলিশ সদস্য, গোয়েন্দা সংস্থা ও অন্যান্য বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করবে;

৬. কোন দুষ্কৃতিকারী পূজামন্ডপ এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাৎক্ষণিকভাবে তাকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট সোপর্দ করতে হবে;

৭. সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি কর্তৃক পূজামন্ডপের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োজিত করার ব্যবস্থা গ্রহণ করবেন। স্বেচ্ছাসেবকদেরকে আবশ্যিকভাবে আর্ম-ব্যান্ড পরিধান ও পরিচিতি কার্ড গলায় ঝুলিয়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রত্যেক পূজামন্ডপে প্রয়োজনীয় নারী স্বেচ্ছাসেবক নিয়োজিত করতে হবে;

৮. প্রতিটি পূজামন্ডপে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক প্রবেশ ও নির্গমন পথ রাখতে হবে;

৯. পূজা উপলক্ষ্যে মেলা কিংবা অন্য কোন অনুষ্ঠানের আয়োজন নিরুৎসাহিত করতে হবে। পূজা চলাকালীন আশেপাশে মাদক, হাউজি কিংবা জুয়ার আসর যাতে বসতে না পরে এ বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও স্থানীয় প্রশাসনকে কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে;

১০. পূজামন্ডপে অগ্নিকান্ডসহ অন্যান্য যে কোন অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি স্থানীয় প্রশাসন, থানা, পুলিশ ফাঁড়ি এবং ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর/মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে;

১১. ভক্তিমূলক সংগীত ব্যতীত অন্য সংগীত বাজানো থেকে বিরত থাকা এবং মন্দির/পূজা মন্ডপে প্রয়োজনাতিরিক্ত দীর্ঘসময় অবস্থান করা থেকে বিরত থাকতে হবে;

১২. সূর্যাস্তের পূর্বে বিসর্জন কার্যক্রম শেষ করতে হবে;

১৩. বিজয়া দশমীর দিনে প্রতিমা বিসর্জনের স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ডুবুরি দলকে প্রস্তুত রাখতে হবে;

১৪. পূজামন্ডপসহ প্রতিমা নির্মাণের স্থানগুলোতে পূর্ব হতেই নজরদারী বৃদ্ধির জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৫. সন্ধ্যায় পাড়া ও মহল্লায় শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠান চলাকালে ভীড় ও অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অতিরিক্ত টহলের ব্যবস্থা করতে হবে;

১৬. আযান ও নামাজের সময়ে মসজিদের পার্শ্ববর্তী পূজামন্ডপগুলোতে পূজা চলাকালে এবং বিসর্জনকালে শব্দযন্ত্রের ব্যবহার সীমিত রাখা ও উচ্চস্বরে শব্দ যন্ত্র ব্যবহার বন্ধ রাখতে হবে;

CamScanner

১৭. আলীকদম উপজেলায় প্রতিটি পূজামন্ডপে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, লামাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া, বিদ্যুৎতের বিকল্প ব্যবস্থা হিসেবে পূজামন্ডপ কর্তৃপক্ষ কর্তৃক নিজ নিজ পূজামন্ডপে জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে;

শারদীয় দুর্গাপূজা উদযাপন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে পূজামন্ডপসমূহের নিরাপত্তা নিশ্চিত করতঃ আসন্ন দুর্গোৎসব মহাআড়ম্বর উদযাপনের আহবান জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

০৯/১০/২৩

জাবের মোঃ সোয়াইব
উপজেলা নির্বাহী অফিসার
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
মোবাইল: ০১৭০৮-৩৯৯০০৮
Email: unoalikadam@mopa.gov.bd

স্মারক সংখ্যা : ০৫.৪২.০৩০৪.০০০.১১.০২৬.২৩- ৮০৮ তারিখ : ০৯.১০.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা।
২. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।
৫. জনাব দুংড়ি মং মার্মা, সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো :

৭. অফিসার-ইন-চার্জ, আলীকদম থানা
৮. চেয়ারম্যান, ......................................................ইউনিয়ন পরিষদ, আলীকদম।
৯. ..............................................................., আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।
১০. অফিস কপি।

০৯/১০/২৩

উপজেলা নির্বাহী অফিসার
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা

CamScanner